# জুলাইয়ের মামলায় গ্রেপ্তার ছাগলকাণ্ডে আলোচিত সাদিক অ্যাগ্রোর ইমরান




সাদিক অ্যাগ্রোর ইমরান। ছবি: সংগৃহীত

বৈষম্যবিরোধী আন্দোলনকে কেন্দ্র করে রাজধানীর মোহাম্মদপুর থানায় দায়ের হওয়া এক হত্যাচেষ্টা মামলায় আলোচিত সাদিক অ্যাগ্রোর চেয়ারম্যান ইমরান হোসেনকে গ্রেপ্তার দেখানোর নির্দেশ দিয়েছেন আদালত।

সোমবার (৩ আগস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জামসেদ আলম শুনানি শেষে এ আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক (এসআই) মো. মিজানুর রহমান।

এর আগে গত ৩১ জুলাই মামলার তদন্ত কর্মকর্তা, মোহাম্মদপুর থানার উপ-পরিদর্শক (এসআই) রানা রায় ইমরান হোসেনকে সন্দেহভাজন আসামি হিসেবে এ মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন করেন। ওইদিন আদালত শুনানির জন্য ৩ আগস্ট দিন ধার্য করেন।

তদন্ত কর্মকর্তার আবেদনে বলা হয়, প্রাথমিক তদন্তে ইমরান হোসেনের বিরুদ্ধে মামলার ঘটনার সঙ্গে সম্পৃক্ততার পর্যাপ্ত তথ্য-প্রমাণ পাওয়া গেছে। তাই তাকে এ মামলায় আনুষ্ঠানিকভাবে গ্রেপ্তার (শোন অ্যারেস্ট) দেখানো প্রয়োজন।

শুনানিতে আসামিপক্ষ গ্রেপ্তার দেখানোর আবেদনের বিরোধিতা করলেও রাষ্ট্রপক্ষ এর পক্ষে যুক্তি তুলে ধরে। উভয় পক্ষের বক্তব্য শুনে আদালত ইমরান হোসেনকে এ মামলায় গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মামলার এজাহার অনুযায়ী, ২০২৪ সালের ৩ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের সময় মোহাম্মদপুরের বছিলা বেড়িবাঁধ, বছিলা ব্রিজ, বছিলা চেকপোস্ট ও আশপাশের এলাকায় আন্দোলনকারীদের ওপর হামলার ঘটনা ঘটে। অভিযোগে বলা হয়, আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা সংঘবদ্ধভাবে হামলা চালিয়ে আন্দোলনকারীদের লক্ষ্য করে গুলি ছোড়েন। এতে বহু মানুষ আহত হন। ভুক্তভোগী মো. ছালেমানও গুলিবিদ্ধ হন।

ওই ঘটনার পর মো. ছালেমান সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৩৫ জনকে আসামি করে মোহাম্মদপুর থানায় হত্যাচেষ্টার মামলা দায়ের করেন।

উল্লেখ্য, ২০২৫ সালের ৩ মার্চ অর্থ পাচারের অভিযোগে সাদিক অ্যাগ্রোর চেয়ারম্যান ইমরান হোসেনকে গ্রেপ্তার করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। পরদিন ১৩৩ কোটি টাকা পাচারের অভিযোগে দায়ের হওয়া মানি লন্ডারিং মামলায় আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এরপর থেকে তিনি কারাবন্দি রয়েছেন।